টস হেরে বোলিংয়ে বাংলাদেশ, একাদশে দুই পরিবর্তন

বিশ্বকাপে নিজেদের ষষ্ঠ ম্যাচে নেদারল্যান্ডসের বিপক্ষে মাঠে নামছে বাংলাদেশ। শনিবার (২৮ অক্টোবর) কলকাতার ইডেন গার্ডেন স্টেডিয়ামে টস জিতে বাংলাদেশকে বোলিংয়ে পাঠিয়েছে ডাচরা।

জয় দিয়ে বিশ্বকাপ মিশন শুরু করেছিল বাংলাদেশ। তবে সেই ধারাবাহিকতা ধরে রাখতে পারেনি টাইগাররা। টানা চার হারে অনেকটা পিছিয়ে আছে সাকিবরা। জয়ের ধারায় ফিরতে মুখিয়ে বাংলাদেশ। এই ম্যাচে দুই পরিবর্তন নিয়ে মাঠে নামছে লাল-সবুজের প্রতিনিধিরা। কাঁধের চোট কাটিয়ে একাদশে ফিরেছেন পেসার তাসকিন আহমেদ। এছাড়া নাসুম আহমেদের পরিবর্তে একাদশে জায়গা পেয়েছেন শেখ মেহেদি।

অন্যদিকে, হার দিয়ে বিশ্বকাপ মিশন শুরু করেছিল নেদারল্যান্ডস। তবে দক্ষিণ আফ্রিকাকে হারিয়ে বড় অঘটন ঘটায় ডাচরা। এরপর শ্রীলঙ্কা ও অস্ট্রেলিয়ার কাছে বড় ব্যবধানে হারে নেদারল্যান্ডস।

বাংলাদেশ একাদশ: লিটন দাস, তানজিদ হাসান তামিম, নাজমুল হোসেন শান্ত, সাকিব আল হাসান (অধিনায়ক), মুশফিকুর রহিম, মাহমুদউল্লাহ রিয়াদ, মেহেদী হাসান মিরাজ, শেখ মেহেদি, শরিফুল ইসলাম, তাসকিন আহমেদ, মুস্তাফিজুর রহমান।

নেদারল্যান্ডস একাদশ: বিক্রমজিত সিং, ম্যাক্স ও দাউদ, কলিন আক্রম্যান, বাস ডি লিডি, উইসলি বারসি, স্কট এডওয়ার্ডস (অধিনায়ক), সাইব্রান্ড এনগেলব্রেচন্ট, রোলেফ শারিজ আহমেদ, লোগান বিক, আরিয়ান ডুট, পল ভ্যান মিকিরিন।

সূত্র: ইত্তেফাক

হোয়াটস অ্যাপে আসছে পাসকি

হোয়াটসঅ্যাপ ব্যবহাকারীদের নিরাপত্তার জন্য কিছুদিন পর পরই নতুন ফিচার যুক্ত করছে। এবার হোয়াটসঅ্যাপে যুক্ত হচ্ছে পাসকি। অর্থাৎ এখন থেকে নাম কিংবা সংখ্যায় হোয়াটসঅ্যাপে পাসওয়ার্ড দিতে হবে না।

পাসকিগুলো ব্যবহাকারীদের জন্য প্রক্রিয়াটিকে স্ট্রিমলাইন করে, আপনার হোয়াটসঅ্যাপ অ্যাকাউন্টগুলো আনলক করতে এবং অ্যাক্সেস পেতে শুধু আপনার মুখ, আঙুলের ছাপ বা পিন প্রয়োজন। এভাবে ব্যবহারকারীর নাম ও পাসওয়ার্ড ফিশিং আক্রমণের সুরক্ষা পায়। এমনকি পাসকি ব্যবহারকারীর মেসেজিং অ্যাপ অ্যাকাউন্টে লগ ইন করার জন্য তার শারীরিক উপস্থিতি প্রয়োজন হয়।

এরই মধ্যে সংস্থাটি তার বিটা চ্যানেলে এই ফিচারটি পরীক্ষা করে চলেছে। এই পাসকিগুলি লগইন প্রক্রিয়ার স্বাচ্ছন্দ্য ও নিরাপত্তা বাড়াবে। মেটা-মালিকানাধীন পরিষেবাটি হাইলাইট করেছে এই নতুন ফিচার ধীরে ধীরে চালু করা হবে। তবে শুরুতে অ্যান্ড্রয়েড ব্যবহারকারীরাই এই সুবিধা পাবেন।

সূত্র: ইত্তেফাক

দর্শনায় ইয়াবা ও নগদ টাকাসহ চুয়াডাঙ্গার আরিফুল গ্রেফতার

দর্শনা থানা পুলিশ মাদক বিরোধী অভিযান চালিয়ে ২৫ পিচ ইয়াবা ও নগদ টাকাসহ চুয়াডাঙ্গা সদরের মাঝেরপাড়ার আরিফুল ইসলামকে (৪০) গ্রেফতার করেছে। সে চুয়াডাঙ্গা সদর উপজেলার মাঝের পাড়ার আজার হোসেনের ছেলে।

জানাগেছে, গতকাল শুক্রবার দুপুর ২ টার দিকে দর্শনা থানার অফিসার ইনচার্জ বিপ্লব কুমার সাহার নেতৃত্বে অভিযান চালায় দর্শনা

থানাধীন আকুন্দবাড়িয়া তমালতলা পাড়ার সোহেল রানা এর চায়ের দোকানের সামনে।

এ সময় দর্শনা থানার এসআই(নিঃ) নীতিশ বিশ্বাস গোপন সংবাদের ভিত্তিতে সঙ্গীয় ফোর্সসহ মাদকবিরোধী
অভিযান চালিয়ে আরিফুল ইসলামকে গ্রেফতার করে। পরে তার দেহ তল্লাশি করে ২৫ পিচ ইয়াবা ট্যাবলেট ও নগদ ৭ হাজার ৫শ টাকা উদ্ধার করে।গতকালই তাকে মাদক আইনে মামলাসহ চুয়াডাঙ্গা কোর্ট হাজতে প্রেরন করেছে।

গাংনীতে নওপাড়া ভাটপাড়া গ্রামে ইসরাইল বিরোধী বিক্ষোভ মিছিল

গাংনী উপজেলার নওয়াপাড়া ও ভাটপাড়া গ্রামে ইসরাইল বিরোধী বিক্ষোভ মিছিল করেছে স্থানীয়রা। ইসরাইলি পণ্য বর্জন ও ইসরাইলের হাতে নির্মম ভাবে শিশুসহ সাধারণ মানুষ হত্যার তিব্র প্রতিবাদ জানানো হয়। একই সাথে সারা বিশ্বের মুসলিমদের এক হয়ে ফিলিস্তিনের পক্ষ নিয়ে ইসরাইলদের ধ্বংশ করার আহবান জানানো হয়।

গতকাল শুক্রবার জুম্মার সালাত আদায়ের পর নওপাড়া বাজার থেকে একটি রেলি বের হয়ে আশপাশের বেশ কয়েকটি সড়ক প্রদক্ষিণ করেন। পরে নওপাড়া বাজারে সমাবেশ অনুস্ঠিত হয়। সমাবেশে বক্তব্য রাখন ভিটাপাড়া জামে মসজিদের ইমাম মওলানা মোঃ ফিরোজ হোসেন,নওপাড়া জামে মসজিদের ইমাম মাওলানা মোঃ জাহিদ আল হাবিবি।

নওপাড়া, ভাটপাড়া গ্রাম বাসীর আয়োজনে মিছিলে নেতৃত্ব দেন রবিউল ইসলাম রুবেল ও মিরাজুল ইসলাম মিলন।

গাংনীতে দেশী মুরগী পালনে প্রদর্শনীর উপকরণ বিতরণ

গাংনীর পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি (পিএসকেএস) এর সমন্বিত কৃষি ইউনিট ভুক্ত প্রাণিসম্পদ খাতের আওতায় ১৮ জন উপকারভোগীর মাঝে বিশেষ আবাসন নিশ্চত করে আধা বাণিজ্যিক ভাবে দেশী মুরগী পালন প্রদর্শনীর উপকরণ বিতরণ করা হয়েছে।

সংস্থার বামুন্দী শাখার তেরাইল গ্রামে বিশেষ আবাসন নিশ্চত করে দেশী মুরগী পালন বিষয়ক প্রদর্শনীর এই উপকরণ সমূহ বিতরণ করা হয়। দেশী জাতের মুরগীর জাত সংরক্ষণ ও এর উৎপাদন বৃদ্ধি করায় এ প্রদর্শনীর মূল লক্ষ্য।

বিতরণকৃত উপকরণ সমূহের মধ্যে ছিল- ১৮ টি রাত্রি কালীন মুরগির ঘর, ১৮ টি ক্রিপারসহ খাঁচা, ৩৬ টি ডিম ফুটানোর নেস্ট, জীবাণুনাশক, স্প্রে মেসিং সহ সাইনবোর্ড ও রেজিষ্টার খাতা বিতরণ করা হয়। এর পাশাপাশি উপকারভোগীদেরকে প্রদর্শনীর লক্ষ্য ও উদ্দেশ্যসহ কিভাবে এর রক্ষণাবেক্ষন করতে হবে সে সম্পর্কে দিক নির্দেশনা প্রদান করা হয়।

উপকরণ বিতরণের সময় উপস্থিত ছিলেন পিএসকেএস এর সমন্বিত কৃষি ইউনিট ভুক্ত প্রাণিসম্পদ ইউনিটের কর্মকর্তাগন ও সংস্থার অনান্য সদশ্য বৃন্দ।

গাংনীতে যুবলীগের প্রস্তুতি সভা অনুষ্ঠিত

বাংলাদেশ আওয়ামী যুবলীগের ৫১তম প্রতিষ্ঠা বার্ষিকী ও বিএনপি জামাত এর সন্ত্রাস ও নৈরাজ্যের বিরুদ্ধে গাংনী উপজেলা যুবলীগের প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শুক্রবার বিকেলে গাংনী পৌরসহরে অবস্থিত যুবলীগের অফিস

কার্যালয় এ সভা অনুষ্ঠিত হয়।
অনুষ্ঠানের সভাপতিত্ব করেন গাংনী উপজেলা যুবলীগের সভাপতি মোশাররফ হোসেন।

গাংনী উপজেলা যুবলীগের সাধারণ সম্পাদক শফি কামাল পলাশের সঞ্চালনায় বক্তব্য রাখেন গাংনী উপজেলা যুবলীগের যুগ্ম সাধারণ সম্পাদক মজিরুল ইসলাম,ষোলটাকা ইউনিয়ন যুব লীগের ভারপ্রাপ্ত সভাপতি ও ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আনোয়ার হোসেন পাশা,রাইপুর ইউনিয়ন যুবলীগের সাধারণ সম্পাদক রবিউল ইসলাম রবি, তেঁতুলবাড়িয়া ইউনিয়ন যুবলীগের সভাপতি মোখলেসুর রহমান মোকলেস, কাজীপুর ইউনিয়ন যুবলীগের সভাপতি ফুলচাদ মিয়া,সাহারবাটি ইউনিয়ন যুবলীগের সাধারণ সম্পাদক আবুল হোসেন, ধানখোলা ইউনিয়ন যুবলীগের সাধারণ সম্পাদক মিজানুর রহমান, উপজেলা যুবলীগ নেতা আমজাদ হোসেন, যুবলীগ নেতা আল ফারুক প্রমুখ।

শহীদ মিজানুর রহমান রিপন নাইট ফুটবল টুর্নামেন্টের ফাইনাল অনুষ্ঠিত

মেহেরপুরের কালাচাঁদপুরে শহীদ মিজানুর রহমান রিপন স্মৃতি নাইট ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়েছে ।

গতকাল শুক্রবার রাতে কালাচাঁদপুর ঈদগাহ মাঠে শহীদ মিজানুর রহমান রিপন স্মৃতি নাইট ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়।

ফুটবল টুর্নামেন্টে ব্রাদার ইলেভেন একাদশ ২-০ গোলে একতা একাদশকে হারিয়ে চ্যাম্পিয়ন হয়েছে। ফাইনাল খেলায় রেফারী হিসেবে উপস্থিত ছিলেন সামাদুল ইসলাম ও লাইন্সম্যান হিসেবে উপস্থিত ছিলেন মাহফুজ ও ফিরোজ।

কালাচাঁদপুর ৪নং ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি শওকত আলীর সভাপতিত্বে ফুটবল টুর্নামেন্টর ফাইনাল খেলায় প্রধান অতিথি হিসেবে

উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা যুবলীগের আহবায়ক ও পৌরসভার মেয়র মাহফুজুর রহমান রিটন।

অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন মেহেরপুর পৌরসভার ১নং ওয়ার্ড কাউন্সিলর মীর জাহাঙ্গীর আলম, মেহেরপুর পৌরসভার ৩নং ওয়ার্ড কাউন্সিলর সৈয়দ আবু আব্দুল্লাহ,মেহেরপুর জেলা যুবলীগের সদস্য মেজবা উদ্দিন, মেহেরপুর জেলা ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক মাসুদ রানা সহ আওয়ামী লীগ, যুবলীগ এবং ছাত্রলীগের বিভিন্ন নেতা কর্মীরা উপস্থিত ছিলেন।

ঢাকার মহাসমাবেশে মেহেরপুর জেলা বিএনপি’র সহস্রাধিক নেতাকর্মী

নেতাকর্মীদের উজ্জীবিত করতে মাসুদ অরুনের লেখা গান প্রকাশ করল বিএনপি মিডিয়া সেল ক্ষমতাসীন দল ও প্রশাসনের নানা ধরণের বাধা পেরিয়ে অবশেষে ঢাকা পৌঁছেছে মেহেরপুর জেলা বিএনপির সহস্রাধিক নেতাকর্মী।

২৮ অক্টোবরের এই বহুল আলোচিত সমাবেশে যোগ দিতে গত দুই দিনে নেতাকর্মীরা বিভিন্ন গ্রুপের বিভক্ত হয়ে ঢাকায় পৌঁছেছেন। দেশের বিভিন্ন অঞ্চলের মতো মেহেরপুর থেকেও গত কয়েকদিনে প্রায় হাজার খানিক নিবেদিত প্রান নেতাকর্মী গত কয়েকদিন ধরেই ঢাকায় জড়ো হয়েছেন বলে মেহেরপুর জেলা বিএনপির সূত্রে জানা গেছে।

মেহেরপুর জেলা বিএনপির সভাপতি ও সাবেক সংসদ সদস্য মাসুদের বলেন, ‘এই সমাবেশে বিএনপি নেতাকর্মীদের অংশগ্রহণ নস্যাৎ করতে পুলিশ ও সরকারি দলের পক্ষ থেকে সৃষ্ট নানা বাধা অতিক্রম করতে হয়েছে মেহেরপুর জেলা বিএনপির সদস্যদের। পুলিশ ও আওয়ামী লীগের সন্ত্রাসীরা নেতাকর্মীদের বাড়ি বাড়ি যেয়ে হুমকি দিয়ে এসেছে সমাবেশে যাওয়ার জন্য। পাড়া মহল্লার চায়ের দোকানগুলোতেও যেয়ে হুমকি ধামকি দেয়া হয়েছে। ঢাকা আসার পথেও বিভিন্ন স্থানে

ব্যারিকেড দিয়ে তল্লাশি করে পথে পথে হয়রানি করা হয়েছে।’

মাসুদ অরুন আরো বলেন, সমাবেশ আগত নেতাকর্মীদের উজ্জীবিত করতে আমার লেখা ও নচিকেতা চক্রবর্তীর গাওয়া ‘রণ ধ্বনি’ গানটি কেন্দ্রীয় বিএনপির মিডিয়া সেল অফিসিয়াল ভাবে প্রকাশ করেছে।

মেহেরপুরে ইজিবাইকসহ চালক নিখোঁজ

মুজিবনগর উপজেলার মোনাখালী গ্রামে ইজিবাইকসহ চালক মো: বিজন
(২৬) নিখোঁজ হয়েছে। নিখোজ বিজন মোনাখালী গ্রামের ছাতিমতলা পাড়ার রহমানের ছেলে।

নিখোজের মামাতো ভাই বলেন, গতকাল বৃহস্পতিবার বিকেলের দিকে কয়েকজন লোক চুয়াডাঙ্গাতে যাবে বলে মেহেরপুর থেকে আমার ভাইকে ভাড়া করে নিয়ে যায়। এরপর আমার ভাইসহ তারা ভালাইপুর মোড়ের এটা হোটেলে খাওয়া দাওয়া করে। চুয়াডাঙ্গাতে যাত্রী রেখে বাড়ি চলে আসবো বলে আমার ভাই পরিবারের লোকজনকে জানায়। কিন্তু রাতে বাড়ি ফিরে না আতে আমি ও আমাদের পরিবারের লোকজন তার সাথে যোগাযোগের চেষ্টা করলে আমরা তার মোবাইল ফোনটা বন্ধ পায়। আজকে পরিবারের লোকজন মুজিবনগর থানাতে অভিযোগ করতে গেলে চুয়াডাঙ্গাতে যোগাযোগ করতে বলে।

মুজিবনগর থানার ওসি মেহেদী রাসেল বলেন, নিখোঁজ ইজিবাইক চলকের পরিবারের লোকজন থানাতে অভিযোগ দিতে এসেছিলো কিন্তু ঘর্টনাস্থল চুয়াডাঙ্গা থানার অওতাধীন হওয়াতে আমরা তাদের চুয়াডাঙ্গা থানায় অভিযোগ করতে বলি।

খন্দকার মোস্তাকের মতো লোক দলে ঘাপটি মেরে আছে-মোনালিসা

সরকারের সাফল্য ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার উন্নয়নের বার্তা পৌঁছে দিতে মেহেরপুরে যুব মহিলা সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

আজ শুক্রবার ২৭ অক্টোবর বিকাল ৫টার সময় মেহেরপুরের শামসুজ্জোহা পার্কে মেহেরপুর যুব মহিলা লীগের ব্যানারে এই বিশাল নারী সমাবেশ অনুষ্ঠিত হয়।

নারী সমাবেশে বিশেষ অতিথি জনপ্রশাসন প্রতিমন্ত্রীপত্নী ও বাংলাদেশ যুব মহিলালীগের কেন্দ্রীয় কার্যনির্বাহী সংসদের সহ-সভাপতি সৈয়দা মোনালিসা বলেন, ‘জননেত্রী শেখ হাসিনা জনপ্রশাসন প্রতিমন্ত্রীকে যে দায়িত্ব দিয়েছিলেন সেটা ফরহাদ হোসেন যথাযথ ভাবে পালন করতে পেরেছেন বলেই শামসুজ্জোহা পার্ক আজ কানায় কানায় পরিপূর্ন। যুগে যুগে দলের মধ্যে খন্দকার মোস্তাকের মতো লোক ঘাপটি মেরে পড়ে আছে। তারা উন্নয়ন সহ্য করতে পারেনা, তারা দলের বিপক্ষে কথা বলে, উন্নয়নের বিপক্ষে কথা বলে। দল বিরোধী কার্যক্রম করে।’

প্রধান অতিথির বক্তব্যে জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন বলেন, ‘এখন মেহেরপুরে কোন দুর্বৃত্তায়ন নাই, কোন সন্ত্রাস নাই, মেহেরপুরে কোন চাঁদাবাজ নাই। আজকের এই বিশাল জনসভা প্রমাণ করে মেহেরপুরে যুব মহিলালীগ নারী জাগরণ ঘটাতে সক্ষম হয়েছে। শেখ হাসিনার সরকার মানে কৃষি বান্ধব সরকার। আমাদের ঠিকানা নৌকা, আমাদের ঠিকানা আওয়ামী লীগ, আমাদের ঠিকানা শেখ হাসিন।’

মেহেরপুর জেলা যুব মহিলা লীগের সাধারণ সম্পাদিকা অ্যাডভোকেট

রুতশোভা মন্ডলের সঞ্চালনায় যুব নারী সমাবেশে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী অধ্যাপক হোসেন। বিশেষ অতিথি ছিলেন বাংলাদেশ যুব মহিলা লীগ কেন্দ্রীয় কার্যনির্বাহী সংসদের সহ-সভাপতি সৈয়দা মোনালিসা ইসলাম। সভাপতিত্ব করেন মেহেরপুর জেলা যুব মহিলা লীগের সভাপতি সামিউন বাসিরা পলি।